



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

বিমক/ রিসাপা/ কওমা/২০১৭/৯(৬)/৭২৯

তারিখঃ ২৫-০১-২০১৮ ইং

ড. মোনালিসা দাস

বিভাগীয় প্রধান ও সহকারী অধ্যাপক

বাংলা বিভাগ

কাজী নজরুল বিশ্ববিদ্যালয়

আসানসোল, পশ্চিমবঙ্গ

ভারত।


বিষয়: "দুইবঙ্গে নজরুলচর্চা (Nazrul Study in Bangladesh and West Bengal)" শীর্ষক প্রস্তাবিত গবেষণা প্রকল্প প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রফেসর ড. মোঃ খালেদ হোসাইন, বাংলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা এবং ড. মোনালিসা দাস, বিভাগীয় প্রধান ও সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল, পশ্চিমবঙ্গ, ভারত কর্তৃক যৌথভাবে প্রস্তাবিত "দুইবঙ্গে নজরুলচর্চা (Nazrul Study in Bangladesh and West Bengal)" শিরোনামের গবেষণা প্রকল্পটি ২,৩০,০০০.০০ (দুই লক্ষ ত্রিশ হাজার) টাকার বাজেটসহ বিশেষজ্ঞ মতামতের ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য কমিশন কর্তৃপক্ষের বিবেচনায় গৃহীত হয়েছে।

০১ (এক) বছরের জন্য অনুমোদিত উক্ত প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক হিসাবে আপনাকে গবেষণা প্রকল্পের কার্যক্রম পরিচালনায় কমিশন কর্তৃপক্ষ অনাপত্তি জ্ঞাপন করেছেন। যথাসময়ে সফলতার সাথে গবেষণা প্রকল্পের কাজ সমাপ্ত হবে বলে কমিশন আশা পোষণ করে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে


২৫/০১/২০১৮

(জাফর আহমদ জাহাঙ্গীর)

অতিরিক্ত পরিচালক

রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন


ফোনঃ ৮৮-০২-৯১২৭৪৪৫

বিমক/ রিসাপা/ কওমা/২০১৭/৯(৬)/৭২৯/১(৮)

তারিখঃ ২৫-০১-২০১৮ ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। রেজিস্ট্রার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল, পশ্চিমবঙ্গ, ভারত।
- ৩। প্রফেসর ড. মোঃ খালেদ হোসাইন, বাংলা বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
- ৫। সদস্য (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।
- ৭-৮। অফিস কপি/মাস্টার কপি।


২৫-০১-২০১৮
(শংকর কুমার চক্রবর্তী)

সিনিয়র সহকারী পরিচালক

কলা ও সামাজিক বিজ্ঞান গবেষণা শাখা

রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন

ফোনঃ ৮৮-০২-৮১৮১৫৭৯